রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে একবার একটি ছাগল হাদীয়াহ দেওয়া হলো।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেতে মারফূ‘ হিসেবে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে একবার একটি ছাগল হাদীয়াহ দেওয়া হলো। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় উটকে হাদী হিসেবে প্রেরণ করতেন। কারণ, উট অধিক উপকারী ও সাওয়াবের দিক দিয়েও বেশি। আর আয়েশা রাদিয়াল্লাহু আনহা উল্লেখ করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা একটি ছাগল হাদী হিসেবে প্রেরণ করেন। আর চতুষ্পদ জন্তু হাদী প্রেরণ করা বৈধ। তবে চতুষ্পদ জন্তুকে প্রেরণ করাতে রয়েছে আল্লাহর নিদর্শনসমূহের বহিঃপ্রকাশ এবং আল্লাহর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে রক্ত প্রবাহিত করা। তাতে রয়েছে দুটি ইবাদত: সাদকা এবং মুর্তি ও ভুতের উদ্দেশ্যে রক্তপাত করার পরিবর্তে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে রক্ত প্রবাহিত করা।

https://sunnah.global/hadeeth/bn/show/3124